

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৫০৬৭

৩৭/ নিদ্রা সম্পর্কীয় (كتاب النوم)

পরিচ্ছেদঃ ৩৩. দাস-দাসীর হক সম্পর্কে।

### باب فِي حَقِّ الْمَمْلُوكِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنِ الْأَعْمَشِ، عَنِ الْمَعْرُورِ بْنِ سُوَيْدٍ، قَالَ رَأَيْتُ أَبَا ذَرٍّ بِالرَّيْذَةِ وَعَلَيْهِ بُرْدٌ غَلِيظٌ وَعَلَى غُلَامِهِ مِثْلُهُ قَالَ فَقَالَ الْقَوْمُ يَا أَبَا ذَرٍّ لَوْ كُنْتَ أَخَذْتَ الَّذِي عَلَى غُلَامِكَ فَجَعَلْتَهُ مَعَ هَذَا فَكَانَتْ حُلَّةً وَكَسَوْتَ غُلَامَكَ ثَوْبًا غَيْرَهُ . قَالَ فَقَالَ أَبُو ذَرٍّ إِنِّي كُنْتُ سَابَيْتُ رَجُلًا وَكَانَتْ أُمُّهُ أَعْجَمِيَّةً فَعَيَّرْتُهُ بِأُمِّهِ فَشَكَانِي إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ " يَا أَبَا ذَرٍّ إِنَّكَ أَمْرٌ فِيكَ جَاهِلِيَّةٌ " . قَالَ " إِنَّهُمْ إِخْوَانُكُمْ فَضَلَّكُمْ اللَّهُ عَلَيْهِمْ فَمَنْ لَمْ يُلَايَمْكُمْ فَبِيعُوهُ وَلَا تُعَذِّبُوا خَلْقَ اللَّهِ " .

বাংলা

৫০৬৭. উছমান ইবন আবু শায়বা (রহঃ) ..... মারুর ইবন সুওয়াইদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি আবু যার (রাঃ)-কে রাব্বা নামক স্থানে মোটা চাদর গায়ে দিয়ে বসে থাকতে দেখি এবং এ সময় গোলামের গায়ে সেরূপ চাদর ছিল। তখন কাওমের লোকেরা বলেঃ হে আবু যার! তুমি যদি তোমার গোলামের চাদরটা নিতে তবে তোমার এক জোড়া চাদর হতো এবং তুমি তোমার চাকরকে অন্য চাদর কিনে দিতে! তখন আবু যার (রাঃ) বলেনঃ আমি একবার এক ব্যক্তিকে গালি দেই, যার মা ছিল আজমী, আর আমি তার মায়ের নাম নিয়ে গাল-মন্দ করি। তখন সে আমার বিরুদ্ধে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে অভিযোগ করে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হে আবু যার! তুমি এমন ব্যক্তি, যার থেকে জাহিলী যুগের গন্ধ আসছে! এরপর তিনি বলেনঃ এরা তোমাদের ভাই। আল্লাহ তোমাদেরকে তাদের উপর ফযীলত দান করেছেন। কাজেই এদের মাঝে যাদের সাথে তোমাদের বনিবনা না হয়, তাদের বিক্রি করে দাও। তোমরা আল্লাহর সৃষ্টিকে কষ্ট দেবে না।

## English

Ma'rur b. Suwaid said :

I saw Abu Dharr at Rabadhah. He was wearing a thick cloak, and his slave also wore a similar one. He said : the people said: Abu Dharr! (it would be better) if you could take the cloak which your slave wore, and you combined that with, and it would be a pair of garments (hullah) and you would clothe him with another garment. He said: Abu Dharr said : I abused a man whose mother was a non-Arab and I reviled him for his mother. He complained against me to the apostle of allah (May peace be upon him). He said: Abu Dharr! You are a man who has a characteristic of pre-Islamic days. He said: they are your brethren; Allah has given you superiority over them; sell those who do not please you and do not punish Allah's creatures.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মা'রুর ইবনু সুওয়াইদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37173>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন